দুর্গাপুরে মাধ্যমিক শিক্ষা কার্যক্রম ভেঙে পড়েছে

মো. মোহন মিয়া, দুর্গাপুর (নেত্রকোনা)

নেত্রকোনার দুর্গাপুর উপজেলায় অব্যবস্থাপনার কারণে মাধ্যমিক শিক্ষা কার্যক্রম ভেঙে পড়েছে। অনেক বিদ্যালয়ে অধিকাংশ শিক্ষক নিয়মিত উপস্থিত থাকেন না বলে অভিযোগ রয়েছে। এম কে সি এম পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়ে চলছে শিক্ষক সংকট। খোঁজ নিয়ে জানা যায় প্রধান শিক্ষক বিদ্যালয়ের কাজে উপজেলা শহরে ও জেলা শহরে বেশি থাকেন। ১৭ জন শিক্ষকের মধ্যে আছে মাত্র ৯ জন। এর মধ্যে আবার ৩-৪ জন শিক্ষক থাকেন 'গড় হাজিরা'। অর্ধ শতাধিক পরীক্ষায় উচ্চতর গণিত ও কৃষি পরীক্ষা চলাকালীন এক অব্যবস্থাপনার অভিযোগে এই প্রতিবেদক স্থানীয় অভিভাবক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের কমান্ডার রফিকুল আমিন চুনু ও ডিপুটি কমান্ডার মো. মোহরাব হোসেন তালুকদারসহ কয়েকজন অভিভাবক বিদ্যালয়ে পরিদর্শনে গিয়ে দেখা যায় ৪টি ক্লাসের প্রতিটি ক্লাসে ৮০-৯০ জন শিক্ষার্থী হই-হুল্লা করে যেমনি তেমনিভাবে পরীক্ষা দিচ্ছে। শিক্ষকদের সম্মুখেই শিক্ষার্থীরা একে অপরের খাতা টেনে নিচ্ছে এমন কি বই দেখে পরীক্ষা দিচ্ছে। শিক্ষক আলমগীর হাসান জানান শিক্ষক স্বল্পতার কারণে আমরা পরীক্ষার্থীদের কাছে জিম্মি। এ বিষয়ে প্রধান শিক্ষক এটিএম মোস্তাফিজুর রহমানের সঙ্গে কথা বললে তিনি শিক্ষক স্বল্পতার কথা জানান। শিক্ষক মাহবুবুর রহমান নিয়মিত বিদ্যালয়ে আসেন না। শোকজ করার পরও তিনি শোকজের কোন উত্তর দেন না বলে প্রধান শিক্ষক জানান। শিবগঞ্জ বাজারের আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক মো. নুরুল ইসলাম প্রায় সময় তার নিজস্ব লাইব্রেরির কাজে ব্যস্ত থাকেন। চণ্ডিগড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলতাবুর রহমান কাকৈড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হওয়ায় বিদ্যালয়ের কাজে সময় দিতে পারেন না।

একই উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক তপন কুমার দাস কর্তৃপক্ষের কোন অনুমতি না নিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয় (ইউডা) স্টুডেন্ট আইডি নং ০৮১১২১০০২, সংগীত ডিপার্টমেন্টে বর্তমানে ৬ষ্ঠ সেমিস্টারে লেখাপড়া করছেন। সরকারি নিয়ম হচ্ছে যে, কোন এমপিওভুক্ত বেসরকারি উচ্চ বিদ্যালয়ের কোন শিক্ষক অনুমতি না নিয়ে পড়াশোনা করে তাহলে চাকরি ছেড়ে তা করতে হবে। নয়তো যতদিন সরকারি বেতন ভোগ করবে ততদিনের সব টাকা দ্বিগুণ সরকারি কোষাগারে জমা দিতে হবে এবং কোন শিক্ষক যদি স্কুলের কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বিদ্যালয়ে অনুপ[illegible] তার বেলায়ও একই বিধান।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কামাল পারভেজের সঙ্গে [illegible] করা হলে তিনি জানান এ ব্যাপারে তার কাছে কোন অভিযোগ [illegible] অভিযোগ পেলে ঘটনাটি খতিয়ে দেখা হবে। বিদ্যালয়ের শিক্ষকদের [illegible] গাফিলতি ও ঐতিহ্যবাহী সরকারি এম কে সি এম পাইলট বিদ্যালয়ের অব্যবস্থাপনার এমন চিত্র অভিভাবকেরা দারুণ উৎকণ্ঠার মধ্যে রয়েছেন।